

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩২৫৭(২০১৪-২০১৫)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৮-১১-২০১৮ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আবুল হোসেন, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত, অবসরপ্রাপ্ত), বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মুন্সীগঞ্জ, ইতিপূর্বে বিকেবি, সাভার শাখায় মুখ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮(ক), (খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় শৃংখলাজনিত মামলা নং ৫৪/১৪-১৫ রুজুপূর্বক ২২-০৬-২০১৫ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩২৫৭/২০১৪-২০১৫/২৮৬৭ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছেন ;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আবুল হোসেন, আপনাকে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরু দণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হইবে না এই মর্মে অত্র বিভাগের বিগত ২৯-০৬-২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩২৫৭/২০১৪-২০১৫/৪২৮৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব আবুল হোসেন অত্র বিভাগের ২৯-০৬-২০১৭ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব আবুল হোসেন আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা আপনাকে চাকুরী হইতে বরখাস্তের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব আবুল হোসেন আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন। বিগত ১৮-০৬-২০১৫ খ্রিঃ তারিখ অর্থাৎ সাময়িক বরখাস্তের তারিখ হইতে বরখাস্তের আদেশ কার্যকর হইবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত  
(মোঃ জহির ইকবাল)  
উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ আবুল হোসেন (এ-২৪৭৪)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
মুন্সীগঞ্জ।

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩২৫৭(২০১৪-২০১৫)/২০১৮-২০১৯/ ২৩৮৮(১০)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

তারিখঃ ২৮-১১-২০১৮ খ্রিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মুন্সীগঞ্জ। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব আবুল হোসেন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা/মুন্সীগঞ্জ।
- ১৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপক, বিকেবি, সাভার শাখা, ঢাকা।
- ১৫। মূলনথি /খন্ড নথি/ মহানথি।

স্বাক্ষরিত  
(মোঃ ওবায়দ উল্লাহ)  
সহকারী মহাব্যবস্থাপক